

২৫/০৫/০৮

[Signature]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১১

জেলা শিক্ষা অফিস, নওগাঁ
চিঠি প্রাপ্তি নং- ১৭৭
তারিখ- ২৫/০৫/০৮

৪২

নং-শিম/শাঃ১১/১৯-২(এম.পি.ও)/২০০৭/৭৫৭

তারিখঃ ১৫/০৫/২০০৮

পরিপত্র

বর্তমানে দেশের বিভিন্ন অঞ্চলে মোট ১৪ (চৌদ্দ) টি সরকারী টিচার্স ট্রেনিং কলেজ রয়েছে। কলেজগুলোর বি.এড কোর্সে মোট আসন সংখ্যা ৭২১৫টি হলেও চলতি শিক্ষা বর্ষে (২০০৭-২০০৮) মোট ১৬৫৮ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। অথচ দেশের বিভিন্ন সরকারী এবং বেসরকারী পর্যায়ের মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত বিপুল সংখ্যক শিক্ষক/শিক্ষিকা বি.এড প্রশিক্ষণ বিহীন অবস্থায় রয়েছে। মাধ্যমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের স্বার্থে কর্মরত শিক্ষক মস্তলীর বি.এড প্রশিক্ষণ গ্রহণের বিষয়টি অপরিহার্য। বি.এড প্রশিক্ষণ বিহীন শিক্ষকবৃন্দের বি.এড প্রশিক্ষণ গ্রহণ এবং সরকারী টিচার্স ট্রেনিং কলেজগুলোর মান বৃদ্ধিসহ শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

- (১) সরকারী এবং বেসরকারী মাধ্যমিক পর্যায়ে পাঠদান/স্বীকৃতি থাণ্ড বিদ্যালয়ে কর্মরত বিএড বিহীন শিক্ষক/শিক্ষিকাগণকে সরকারী টিচার্স ট্রেনিং কলেজ থেকে বি.এড প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক করা হলো।
 - (২) প্রতিষ্ঠান প্রধানগণ বিএড প্রশিক্ষণের জন্য অনুমতি প্রদান/ছুটি প্রদানের সময় সরকারী টিচার্স ট্রেনিং কলেজে প্রশিক্ষণ নিশ্চিত করবেন।
 - (৩) সরকারী টিচার্স ট্রেনিং কলেজের কোন শিক্ষক যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা করতে পারবেন না।
 - (৪) টিচার্স ট্রেনিং কলেজ, বিশ্ববিদ্যালয়ে বিএড/এমএড কোর্সে প্রয়োজনীয় অনুমতি ব্যতিরেকে কোন শিক্ষক নিজেবে এ ধরণের কাজের সাথে সম্পৃক্ত করলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - (৫) সরকারী টিচার্স ট্রেনিং কলেজের সার্বিক পরিবেশ সহ প্রশিক্ষণের গুণগত মান বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে স্ব-স্ব টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্রটি জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।


স্বাক্ষরিত/-
(বাবলু কুমার সাহা)
উপ-সচিব

নং-শিম/শাঃ১১/১৯-২(এম.পি.ও)/২০০৭/৭৫৭

তারিখঃ ১৫/০৫/২০০৮

অনুলিপি সদয় কার্যার্থে/ জ্ঞাতার্থে :

- ১। অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব(মাধ্যমিক/কলেজ/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫। মহা-পরিচালক, নায়েম, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল),
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। উপ-সচিব(মাধ্যমিক/ কলেজ/মাদ্রাসা/বিশ্ববিদ্যালয়/কারিগরি/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। উপ-সচিব অধিশাখা-৪/৬/৮/১৪/১৬/১৭/১৮/২১/২৩, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
- ১১। জেলা প্রশাসক (সকল),(উপজেলা নির্বাহী অফিসারবৃন্দকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ১২। উপ-নিয়ন্ত্রক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা (বিষয়টি পরবর্তী গেজেটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
- ১৪। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১৫। মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৬। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৭। পরিচালক(প্রশিক্ষণ), মাউশি অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১৮। অধ্যক্ষ, টিচার্স ট্রেনিং কলেজ,..... (সকল)
- ১৯। সিনিয়র সহকারী সচিব, সকল শাখা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২০। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল), অঞ্চল।
- ২২। জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা (সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও অধিক্ষেত্রাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।



[Signature]
(বাবলু কুমার সাহা)
উপ-সচিব